

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৩২

২. সালাত অধ্যায় (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১৬. মসজিদে থুথু ফেলা অপছন্দনীয়

بَابِ كَرَاهِيَةِ الْبُزَاقِ فِي الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ قُلْتُ لِقَتَادَةَ أَسَمِعْتَ أَنَسًا يَقُولُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْبُزَاقُ فِي الْمَسْجِدِ خَطِيئَةٌ قَالَ نَعَمْ وَكَفَّارَتُهَا دَفْنُهَا

বাংলা

১৪৩২. শু'বাহ বলেন, আমি কাতাদাকে জিঞ্জেস করলাম, আপনি কি আনাস রাদ্বিয়াল্লাহু আনহু কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে এ কথা বর্ণনা করতে শুনেছেন: "মসজিদে থুথু ফেলা একটি পাপের কাজ"? তিনি বললেন, হাঁ। আর এর কাফফারা (প্রতিবিধান) হলো একে (মাটিতে) পুঁতে ফেলা।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী ৪১৫; মুসলিম ৫৫২; আমরা এর তাখরীজ পূর্ণ করেছি মুসনাদুল মাউসিলী নং ২৭৫০ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ শু'বা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন